

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় (অধিশাখা-১৮)  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-শিম/শা:১৮/১৮:বি:-১/২০০৫(অংশ)/ ৩৬৮


তারিখ: ১৪ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ  
২৯ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদকে North-West University in Potchefstroom, South Africa এর আয়োজনে অনুষ্ঠেয় TRADE-DSM (Decision Support Model) Workshop-এ অংশগ্রহণের জন্য ২৮/১০/২০১৮ হতে ০৩/১১/২০১৮ তারিখ অথবা যাত্রার তারিখ থেকে ০৭ (সাত) দিন নিম্নবর্ণিত শর্তে দক্ষিণ আফ্রিকা ভ্রমণের অনুমতি প্রদান করেছেন:

- (ক) এ ভ্রমণের যাবতীয় খরচ তিনি ব্যক্তিগতভাবে/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান North-West University in Potchefstroom, South Africa বহন করবে। এতে বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) তিনি ভ্রমণ শেষে দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- (গ) তাঁর বর্ণিত সফরকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে;
- (ঘ) ভ্রমণকালীন তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন ভাতাদি গ্রহণ করবেন;
- (ঙ) এ ভ্রমণের উপর একটি প্রতিবেদন ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন;
- (চ) প্রো-উপাচার্য (শিক্ষা)-এর অনুপস্থিতিতে একই বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ নিজ দায়িত্বের অতিরিক্ত প্রো-উপাচার্য (শিক্ষা)-এর রুটিন দায়িত্ব পালন করবেন।

২। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(হাবিবুর রহমান)  
উপসচিব  
ফোন : ৯৫৭২১৮৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৫। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-উপাচার্য (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৯। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)